# জয়পুরহাট পৌরসভা কার্যালয়
# জয়পুরহাট।

স্মারক নং-জঃপৌঃস/প্রকৌঃ/২০১৯-২০২০/ ৬৬ তারিখ ঃ 08/07/2019

## সভার নোটিশ

এতদ্বারা জয়পুরহাট পৌরসভার নারী ও শিশু বিষয়ক কমিটির সম্মানিত সদস্যগনের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নিম্নোক্ত আলোচ্য সূচীতে আগামী ১৫/০৭/২০১৯ তারিখ রোজঃ সোমবার সময়ঃ বেলা ১১.০০ ঘটিকায় পৌরসভা মিলনায়তনে নারী ও শিশু বিষয়ক কমিটির এক সভা অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য বিশেষ ভাবে অনুরোধ করা হলো।

আলোচ্য সূচী ঃ

১। গত সভার কার্যবিবরণী পঠন ও দৃঢ়করণ প্রসঙ্গে।
২। GAP বাস্তবায়নের লক্ষ্যে ২০১৯-২০ অর্থ বছরে ত্রৈমাসিক ভিত্তিতে বার্ষিক কর্মপরিকল্পনা প্রণয়ন প্রসঙ্গে।
৩। দরিদ্র মহিলাদের মাঝে শাড়ী বিতরন করন প্রসঙ্গে।
৪। বিবিধ।

(মোছাঃ ফেন্সী আরা)
সভাপতি
নারী ও শিশু বিষয়ক কমিটি
ও
কাউন্সিলর (সংরক্ষিত আসন)
জয়পুরহাট পৌরসভা।

প্রাপক ঃ

.........................................................

.........................................................

জয়পুরহাট পৌরসভা কার্যালয়
জয়পুরহাট।

## নারী ও শিশু বিষয়ক কমিটির সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ জনাবা ফেন্সী আরা, কাউন্সিলর (সংরক্ষিত-৩), জয়পুরহাট পৌরসভা।

সভার স্থান ঃ পৌর মিলনায়তন

তারিখ ঃ ১৫/০৭/২০১৯ ইং
রোজ ঃ সোমবার।

সময় ঃ বেলা- ১১.০০ ঘটিকা

**উপস্থিত সদস্যবৃন্দের নাম, পদবী ও স্বাক্ষর ঃ**

| ক্রঃ নং | নাম | পদবী | কমিটিতে পদবী | উপস্থিতি স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১ | মোঃ মোস্তাফিজুর রহমান | মেয়র, জয়পুরহাট পৌরসভা | সদস্য | স্বাক্ষরিত |
| ০২ | মোছাঃ রোজী বেগম | কাউন্সিলর (সংরক্ষিত-১), জয়পুরহাট পৌরসভা | সদস্য | স্বাক্ষরিত |
| ০৩ | মোছাঃ শাম্মীম আজিজ | কাউন্সিলর (সংরক্ষিত-২), জঃপৌঃসঃ | সদস্য | স্বাক্ষরিত |
| ০৪ | মোঃ সাহেদুল আহ্সান সোহেল | কাউন্সিলর (সাধারন), ওয়ার্ড নং-১, জয়পুরহাট পৌরসভা | সদস্য | স্বাক্ষরিত |
| ০৫ | মোছাঃ ফেন্সীআরা | কাউন্সিলর (সংরক্ষিত-৩), জঃপৌঃসঃ | সভাপতি | স্বাক্ষরিত |

মোঃ হাসানুজ্জামান, বস্তি উন্নয়ন কর্মকর্তা, জয়পুরহাট পৌরসভা। অত্র কমিটির সাচিবিক দায়িত্ব পালন করেন।

অদ্যকার সভায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন।

**১নং আলোচ্য বিষয় ঃ গত সভার রেজুলেশন পঠন ও অনুমোদন প্রসঙ্গে।**

**সিদ্ধান্ত ঃ** সভায় উপস্থিত সকলের অবগতির জন্য গত সভার রেজুলেশন পাঠ করেন অত্র কমিটির সাচিবিক দায়িত্বে নিয়োজিত জনাব মোঃ হাসানুজ্জামান, বস্তি উন্নয়ন কর্মকর্তা, জয়পুরহাট পৌরসভা, বিভিন্ন বিষয় পর্যালোচনা অন্তে কোন রূপ সংশোধনী ছাড়াই তাহা সর্ব সম্মতিক্রমে গৃহীত হয়।

**২নং আলোচ্য বিষয় ঃ GAP বাস্তবায়নের লক্ষ্যে ২০১৯-২০ অর্থ বছরে ত্রৈমাসিক ভিত্তিতে বার্ষিক কর্মপরিকল্পনা প্রণয়ন প্রসঙ্গে।**

আলোচনাঃ আলোচ্য বিষয়ে আলোচনা কালে সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে এ কমিটির সদস্য সচিব ও বস্তি উন্নয়ন কর্মকর্তা, জয়পুরহাট পৌরসভা মোঃ হাসানুজ্জামান বলেন, আপনারা অবগত আছেন, জয়পুরহাট পৌরসভার জেন্ডার এ্যাকশন প্ল্যান (GAP) বাস্তবায়নের লক্ষ্যে (২০১৪ -২০২০) পর্যন্ত ০৬ বছর মেয়াদী কর্ম-পরিকল্পনা করা হয়েছে। সে কর্ম-পরিকল্পনার আলোকে জয়পুরহাট পৌরসভার জেন্ডার এ্যাকশন প্ল্যান (GAP) বাস্তবায়নের লক্ষ্যে ২০১৯-২০২০ অর্থ বছরে ত্রৈমাসিক বিভাজনের ভিত্তিতে বার্ষিক কর্মপরিকল্পনা প্রস্তুত করে প্রকল্প অফিসে প্রেরণ বাধ্যবাধকতা রয়েছে। বিষয়টি নিয়ে উপস্থিত সদস্যগণ নিম্নোক্ত ভাবে আলোচনা করেন।

মিসেস রোজী বেগম, কাউন্সিলর (সংরক্ষিত-০১) জয়পুরহাট পৌরসভা ও সদস্য, নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি বলেন, জয়পুরহাট পৌরসভার জেন্ডার এ্যাকশন প্ল্যান (GAP) বাস্তবায়নের লক্ষ্যে যে ০৬ বছর মেয়াদী কর্ম-পরিকল্পনা করা হয়েছে, তার আলোকে এবং বর্তমান চাহিদার অনুযায়ী নতুন কার্যক্রম অন্তভূক্ত করে ২০১৯-২০২০ অর্থ বছরে ত্রৈমাসিক বিভাজনের ভিত্তিতে বার্ষিক কর্মপরিকল্পনা প্রস্তুত করনের জন্য মতামত প্রদান করেন।

মোছাঃ ফেন্সী আরা, কাউন্সিলর (সংরক্ষিত-০৩) জয়পুরহাট পৌরসভা ও সভাপতি, নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি বলেন, জয়পুরহাট পৌরসভার GAP বাস্তবায়নের জন্য প্রস্তুতকৃত দীর্ঘ মেয়াদী পরিকল্পনার আলোকে ত্রৈমাসিক ভিত্তিতে বার্ষিক কর্ম-পরিকল্পনা প্রস্তুতের লক্ষ্যে খসড়া কর্ম-পরিকল্পনা করে তা পরিবর্তী কমিটি সভায় উপস্থাপন করার বিষয়ে মতামত প্রদান করেন।

মোঃ সাহেদুল আহসান সোহেল, কাউন্সিলর, ওয়ার্ড নং-০২, জয়পুরহাট পৌরসভা ও সদস্য, নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি বলেন, বিষয়টি গুরত্বপূর্ণ বিধায় মেয়র মহোদয়ের সাথে আলোচনা সাপেক্ষে কর্ম-পরিকল্পনা প্রনয়নের বিষয়ে মতামত প্রদান করেন।

**সিদ্ধান্ত** ঃ ২০১৯-২০ অর্থ বছরে জয়পুরহাট পৌরসভার GAP বাস্তবায়নের জন্য ত্রৈমাসিক ভিত্তিতে বার্ষিক কর্ম-পরিকল্পনা প্রস্তুতের লক্ষ্যে এ কমিটির সদস্যদের সাথে আলোচনা করে খসড়া কর্ম-পরিকল্পনা প্রস্তুত করে কমিটির সদস্য সচিব মোঃ হাসানুজ্জামান আগামী মাসিক সভায় উপস্থাপন করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হলো।

**২নং আলোচ্য বিষয় ঃ দরিদ্র মহিলাদের মাঝে শাড়ী বিতরন করন প্রসঙ্গে।**

আলোচনাঃ সভাপতি আলোচ্য বিষয়ে বলেন, আমরা সকলেই জানি আগামী মাস অর্থাৎ আগস্ট/২০১৯ মাসের দ্বিতীয় সপ্তাহে ঈদ উল আযহা অনুষ্ঠিত হবে। ঈদ উৎসবে প্রত্যেকেই সামর্থ্য অনুযায়ী নতুন কাপড় ক্রয় করে থাকেন। কিন্তু দেখা যায় পৌর এলাকার দরিদ্র পরিবার গুলো, তাদের ইচ্ছা থাকলেও নতুন কাপড় কিনতে পারে অর্থের অভাবে।আলোচ্য বিষয়ে মিসেস রোজী বেগম, কাউন্সিলর, সংরক্ষিত-১, জয়পুরহাট পৌরসভা ও সদস্য নারী ও শিশু বিষয়ক কমিটি বলেন, দেখা যায় অনেক দরিদ্র পরিবার গুলো কষ্টকরে পরিবারের বিভিন্ন সদস্যদের কাপড় কিনে দিলেও বয়স্ক নারীরা নতুন কাপড় পায়না অথবা পরিবারের আর্থিক অবস্থা চিন্তা করে নতুন নিতে চায় না। আবার দেখা যায় অনেক বয়স্ক নারীরা পরিবার পরিজন ছাড়া একাই থাকেন বা ছিন্নমূল ভাবে বসবাস করে থাকে। তাই এসব নারীদের মাঝে পৌরসভা হতে শাড়ী বিতরণের জন্য অনুরোধ জানান। বিষয়টি সদস্যদের মধ্যে বিস্তারিত আলোচনা হয়।

**সিদ্ধান্ত** ঃ পৌরসভা হতে ঈদ উল আযহা উপলক্ষ্যে GAP বাস্তবায়নের লক্ষ্যে পৌর এলাকার অবহেলিত বয়স্ক নারীদের মাঝে শাড়ী বিতরনের জন্য একমত পোষন করে সিদ্ধান্ত গ্রহন করেন।

অদ্যকার সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(মোছাঃ ফেন্সী আরা)
সভাপতি
নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি
এবং কাউন্সিলর (সংরক্ষিত-৩)
জয়পুরহাট পৌরসভা।

স্মারক নং- জঃপৌঃসঃ/প্রঃকৌঃ/ ২০১৯-২০২০/৫৭ তারিখ ঃ ২৫/০৭/২০১৯

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হলো ঃ**

১। মেয়র, জয়পুরহাট পৌরসভা।
২। জনাব/জনাবা .................................................................... সদস্য, নারী ও শিশু বিষয়ক কমিটি ও সম্মানিত কাউন্সিলর, সংরক্ষিত/সাধারণ আসন, জয়পুরহাট পৌরসভা।
৩। অফিস নথি।

(মোছাঃ ফেন্সী আরা)
সভাপতি
নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি
এবং কাউন্সিলর (সংরক্ষিত-৩)
জয়পুরহাট পৌরসভা।

# জয়পুরহাট পৌরসভা কার্যালয়
# জয়পুরহাট।

## নারী ও শিশু বিষয়ক কমিটি সভার উপস্থিত সদস্যগণের নাম, পদবী ও স্বাক্ষর ঃ

সভাপতি ঃ জনাবা ফেন্সী আরা, কাউন্সিলর (সংরক্ষিত-৩), জয়পুরহাট পৌরসভা।

সভার স্থান ঃ পৌর মিলনায়তন।

তারিখ ঃ ১৫/০৭/২০১৯ ইং।

রোজ ঃ সোমবার।

সময় ঃ বেলা- ১১.০০ ঘটিকা।

উপস্থিত সদস্যবৃন্দের নাম, পদবী ও স্বাক্ষর ঃ

| ক্রঃ নং | নাম | পদবী | কমিটিতে পদবী | উপস্থিতি স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১ | মোঃ মোস্তাফিজুর রহমান | মেয়র, জয়পুরহাট পৌরসভা | সদস্য | |
| ০২ | মোছাঃ রোজী বেগম | কাউন্সিলর (সংরক্ষিত-১), জয়পুরহাট পৌরসভা | সদস্য | |
| ০৩ | মোছাঃ শাম্মীম আজিজ | কাউন্সিলর (সংরক্ষিত-২), জঃপৌঃসঃ | সদস্য | |
| ০৪ | মোঃ সাহেদুল আহ্সান সোহেল | কাউন্সিলর (সাধারন), ওয়ার্ড নং-১, জয়পুরহাট পৌরসভা | সদস্য | |
| ০৫ | মোছাঃ ফেন্সীআরা | কাউন্সিলর (সংরক্ষিত-৩), জঃপৌঃসঃ | সভাপতি | |
| ০৬ | মোঃ সেলিমুর রহমান বাবুল | প্যানেল মেয়র-০১ ও কাউন্সিলর (সাধারন), ওয়ার্ড নং-৪, জয়পুরহাট পৌরসভা | মেয়র কর্তৃক মনোনীত | |